

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মানুষকে যখন বিপদাপদ দ্বারা পরীক্ষা করা হয়, তখন তার জন্য জরুরী হলো নিজের মনকে এমন ক্রিয়া-কলাপের দিকে গমন করা থেকে বিরত রাখা, যা আল্লাহকে সম্ভুষ্ট করে না; চোখের পানি আর অন্তরের দুঃখ ভারাক্রান্ত হওয়া থেকে বিরত রাখা জরুরী নয়

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْمَرْءَ عِنْدَمَا امْتُحِنَ بِالْمَصَائِبِ عَلَيْهِ زَجْرُ النَّفْسِ عَنِ الْخُرُوجِ إِلَى مَا لَا يُرْضِي اللَّهَ جَلَّ وَعَلَا دُونَ دَمْع الْعَيْنِ وَحُزْنِ الْقَلْبِ

আরবী

2891 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدِ الْقَيْسِيُّ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ عَنْ تَابِتِ عَنْ أَنسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: (وُلِدَ لِيَ اللَّيْلَةَ عَلامٌ فسَمَّيْتُهُ بِأَبِي إِبْرَاهِيمَ) ثُمَّ دَفَعهُ إِلَى امْرَأَةِ قَيْنٍ بِالْمَدينَةِ فَاتَبعه فَانْتَهَى (وُلِدَ لِيَ اللَّيْلَةَ عَلامٌ فسَمَّيْتُهُ بِأَبِي إِبْرَاهِيمَ) ثُمَّ دَفَعهُ إِلَى امْرَأَةِ قَيْنٍ بِالْمَدينَةِ فَاتَبعه فَانْتَهَى إِلَى أَبِي سيفٍ وَهُوَ يَنْفُخُ في كيره والبيت ممتلىء دُخَانًا فَأَسْرَعْتُ الْمَشْيَ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا أَبَا سَيْف جَاءَ رَسُولُ اللَّهِ فَأَمْسَكَ فَدَعَا رَسُولُ اللَّهِ بِالصَّبِيِّ فضَمَّهُ إِلَيْهِ وَقَالَ مَا شَاءَ اللَّهُ أَنْ يَقُولَ قَالَ: فَلَقَدْ رَأَيْتُهُ بَعْدَ ذَلِكَ وَهُو رَسُولُ اللَّهِ بِالصَّبِيِ فضَمَمَّهُ إِلَيْهِ وَقَالَ مَا شَاءَ اللَّهُ أَنْ يَقُولَ قَالَ: فَلَقَدْ رَأَيْتُهُ بَعْدَ ذَلِكَ وَهُو يَكِيدُ بِنَفْسِهِ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَيْنَاهُ تَدْمَعُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَيْنَاهُ تَدْمَعُ فَقَالَ رَسُولُ اللَّهِ عِلَيْهِ وَسَلَّمَ وَعَيْنَاهُ تَدْمَعُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَيْنَاهُ تَدْمَعُ فَقَالَ رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ وَعَيْنَاهُ وَلَا إِلَّا مَا يُرضِي رَبَّنَا وَإِنَّا بِكَ يَا وَاللَّهُ إِبْرَاهِيمُ لَمَحْزُونُونَ)

الراوي: أُنَس بْن مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2891 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2493): م.

বাংলা

২৮৯১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম



বলেন, "আজ রাতে আমার এক সন্তান জন্ম গ্রহণ করেছে। আমি আমার পিতা ইবরাহিম আলাইহিসের নামে তার নাম রেখেছি। তারপর তিনি তাকে মদীনার একজন কামারের স্ত্রীর কাছে দেন (দুধ পান করানোর জন্য)। অতঃপর তিনি আবৃ সাইফ অর্থাৎ সেই ব্যক্তির বাড়িতে যান এমন অবস্থায় যে, সে ব্যক্তি তখন তার হাপরে বাতাস দিচ্ছিলেন। বাড়িটি ধুয়ায় পূর্ণ ছিল।

রাবী বলেন, "আমি দ্রুত হেঁটে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আগে সেখানে যাই। আমি গিয়ে বলি, "হে আবূ সাইফ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসেছেন।" অতঃপর সে ব্যক্তি নিজের কাজ ছেড়ে দিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছেলেকে আনতে বললেন। অতঃপর তিনি ছেলেকে জড়িয়ে নিলেন। আল্লাহ যা চান, তা বললেন।

রাবী বলেন, "বাচ্চাটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে শেষ নিঃশ্বাস ত্যাগ করে। এসময় তাঁর দুই চোখ থেকে অশ্রু ঝরছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "চক্ষু অশ্রু বিসর্জন দেয়। অন্তর দুঃখ ভারাক্রান্ত হয়। তবে আমরা কেবল তা-ই বলি, যা আমাদের প্রভুকে সম্ভুষ্ট করে। হে ইবরাহিম, নিশ্চয়ই আমরা তোমার কারণে দুঃখিত!"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৩১৫; মুসনাদ আহমাদ: ৩/১৯৪; আবূ দাউদ: ৩১২৬; সুনান বাইহাকী: ৪/৬৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৪৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন